



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৪.০০১.২২.২৫২৩

তারিখ: ২১ জৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার, ২০২২

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে তিভাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, বাখরাবাস গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর ভোক্তাপর্যায়ে প্রাকৃতিক গ্যাসের মূল্যহার পুনঃনির্ধারণের প্রস্তাব সংবলিত আবেদনের বিষয়ে আগ্রহী পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক সকল তথ্যাদি পর্যালোচনা ও বিশ্লেষণান্তে উক্ত লাইসেন্সীসমূহ কর্তৃক ভোক্তাপর্যায়ে সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাসের মূল্যহার নিম্নলিখিতভাবে পুনঃনির্ধারণ করা হলো:

ক্রমিক নং	গ্রাহকশ্রেণি	মূল্যহার (টাকা/ঘনমিটার)
১	বিদ্যুৎ (সরকারি, আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র)	৫.০২
২	ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্লান্ট, স্মল পাওয়ার প্লান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র)	১৬.০০
৩	সার	১৬.০০
৪	শিল্প:	
	(ক) বৃহৎ	১১.৯৮
	(খ) মাঝারি	১১.৭৮
	(গ) ক্ষুদ্র, কুটির ও অন্যান্য	১০.৭৮
৫	চা-শিল্প (চা-বাগান)	১১.৯৩
৬	বাণিজ্যিক (হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য)	২৬.৬৪
৭	সিএনজি	৪৩.০০
৮	গৃহস্থালি:	
	ক) মিটারভিত্তিক বার্নার	১৮.০০
	খ) মিটারবিহীন সিঙ্গেল বার্নার (টাকা/মাস)	২২০.০০
	গ) মিটারবিহীন ডাবল বার্নার (টাকা/মাস)	১,০৮০.০০

২। গৃহস্থালি ব্যতীত অন্যান্য গ্রাহকশ্রেণি যথা: বিদ্যুৎ (সরকারি, আইপিপি ও রেন্টাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র); ক্যাপটিভ বিদ্যুৎ (ক্যাপটিভ পাওয়ার প্লান্ট, স্মল পাওয়ার প্লান্ট ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র); সার; শিল্প; চা-শিল্প (চা-বাগান); বাণিজ্যিক (হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য) এবং সিএনজি এর ক্ষেত্রে প্রতি ঘনমিটারে (মাসিক অনুমোদিত লোডের বিপরীতে) ০.১০ টাকা হারে ডিম্যান্ড চার্জ প্রযোজ্য হবে।

তবে বিদ্যুৎ গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো বিদ্যুৎ কেন্দ্রে এবং সার গ্রাহকশ্রেণির আওতাধীন কোনো সার কারখানায় কোনো মাসে গ্যাস সরবরাহকারী/বিতরণ কোম্পানী কর্তৃক ১৫ (পনেরো) দিন বা তার বেশি গ্যাস সরবরাহ বন্ধ রাখা হলে উক্ত গ্রাহকের ক্ষেত্রে উক্ত মাসে ডিম্যান্ড চার্জ প্রযোজ্য হবে না।

৩। সিএনজি গ্রাহকের মূল্যহার অপরিবর্তিত থাকবে। প্রতি ঘনমিটার সিএনজির মূল্যহারের মধ্যে ফিউ গ্যাসের মূল্যহার ৩৫.০০ টাকা এবং অপারেটর মার্জিন ৮.০০ টাকা অন্তর্ভুক্ত।

৪। এ আদেশ বিল মাস জুন ২০২২ থেকে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৫। প্রি-পেইড মিটার গ্রাহকগণ যথাশীঘ্র নতুন মূল্যহার অনুযায়ী তাদের প্রে-পেইড কার্ড হালনাগাদ করে নিবেন।

কমিশনের আদেশক্রমে

ব্যারিস্টার মো: মঈনুল হক
সচিব, বিইআরসি।